



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/16/2025

গভর্নর ক্যাথি হোকল

**কানাডার দাবানল মোকাবেলায় সহায়তার জন্য গভর্নর HOCHUL (হোকল) DEC  
ফরেস্ট রেঞ্জারদের মোতায়েন করলেন**

**দাবানল নিয়ন্ত্রণে কাজ করা দমকলকর্মীদের সাথে যোগ দিতে 10 জনের ফরেস্ট  
রেঞ্জারের দল লস অ্যাঞ্জেলেসে যাচ্ছে**

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে লস অ্যাঞ্জেলেসে দাবানল নিয়ন্ত্রণের চলমান প্রচেষ্টাকে সমর্থন করার জন্য পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation) 10 জন সদস্যের একটি ফরেস্ট রেঞ্জারের দল ক্যালিফোর্নিয়া যাচ্ছে। আজ সকালে ফরেস্ট রেঞ্জার্স অ্যালবান থেকে বিমানে যাত্রা করেছেন এবং সম্ভবত এটি একটি দুই সপ্তাহের অ্যাসাইনমেন্ট হবে।

"যখন অন্যান্য স্টেট এবং দেশ নিউ ইয়র্কের সাহায্য চায়, আমরা সর্বদা সহায়তা পাঠাতে প্রস্তুত," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কের দাবানল নেভানোতে বিশেষজ্ঞ ফরেস্ট রেঞ্জার্স এই আহ্বানে সাড়া দিতে আগ্রহী ছিলেন এবং লস অ্যাঞ্জেলেস এবং এর আশেপাশের অঞ্চলে অসাধারণ ধ্বংসযজ্ঞের প্রতিক্রিয়ায় তারা যতটা সাহায্য করতে পারেন তা করবেন। আমি তাদের সাহসিকতার জন্য ধন্যবাদ জানাই এবং তাদের নিরাপদ প্রত্যাবর্তনের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করব।"

নিউ ইয়র্ক স্টেট নিয়মিত আন্তঃরাজ্য এবং আন্তর্জাতিক অগ্নিনির্বাপন কম্প্যাঙ্কের অংশ হিসাবে আগুনের বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করার জন্য অন্য স্টেট এবং দেশে উচ্চ প্রশিক্ষিত দাবানল নেভানোর কর্মীদের মোতায়েন করে। দক্ষিণ ক্যালিফোর্নিয়ায় (Southern California), দাবানলে এখন পর্যন্ত আনুমানিক 25 জন নিহত হয়েছে, 40,000 একরেরও বেশি জমি জ্বলে গেছে এবং 12,000 এরও বেশি কাঠামো ধ্বংস হয়ে গেছে। 7 জানুয়ারী সান্তা আনা (Santa Ana)-র বাতাসের কারণে দাবানল শুরু হয়।

**পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর অন্তর্ভুক্তি কমিশনার Sean Mahar শন মাহার বলেন,** "DEC-এর ফরেস্ট রেঞ্জার্সরা উচ্চ প্রশিক্ষিত দাবানলের অগ্নিনির্বাপক কর্মী যারা যখনই ডাক পান, প্রয়োজনে তাদের দক্ষতা ব্যবহার করে কমিউনিটিগুলিকে সহায়তা করতে প্রস্তুত থাকেন। এই ধ্বংসাত্মক দাবানলের বিরুদ্ধে লড়াই করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র, মেক্সিকো, কানাডা এবং অন্যান্য দেশের অগ্নিনির্বাপক কর্মীদের প্রচেষ্টাকে আরও শক্তিশালী করার জন্য রেঞ্জার্সদের আমি প্রশংসা করি।"

1979 সালে, পশ্চিমাঞ্চলীয় স্টেটপগুলোর বড় বড় দাবানলে সহায়তার উদ্দেশ্যে নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক বাহিনী পাঠিয়েছিল। গড়ে, প্রতি বছর দাবানল নেভাতে সহায়তা করার জন্য প্রয়োজন অনুযায়ী একটি বা দুটি বাহিনীকে নিযুক্ত করা হয়। দাবানল নিয়ন্ত্রণ এবং মানুষ এবং সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়তা করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যেগুলো নিউইয়র্কের দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে এবং বিভিন্ন ঘটনা পরিচালনা করার জন্য কাজে লাগানো যাবে।

নিউ ইয়র্ক কর্মীদের সমস্ত ব্যক্তিগত এবং যাতায়াতের খরচ হয় মার্কিন যুক্তরাষ্ট্রের অরণ্য পরিষেবা (U.S. Forest Service) সরাসরি পরিশোধ করে অথবা স্টেট এবং ফেডারেল ভূমি এজেন্সিগুলির মধ্যকার পারস্পরিক সহায়তা চুক্তির ভিত্তিতে নিউ ইয়র্ক স্টেটকে এর ব্যয়পূরণ প্রদান করা হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)